(টু বি পাবলিশড় ইন দি গেজেট অব্ ইন্ডিয়া , এক্সট্রাঅর্ডিনারি , পার্ট-II সেকশান ৩, সাব সেকশান (ii) অব্ ডেটেড দি ৬ই জানুয়ারী, ২০১১)

গভর্নমেন্ট অফ ইন্ডিয়া

মিনিস্ট্রি অফ এনভায়মেন্ট এ্যান্ড ফরেস্ট

বিজ্ঞপ্তি

নিউ দিল্লী, ৬ই জানুয়ারী,২০১১

এস. ও. ২০(ই).- পক্ষান্তরে, কেন্দ্রীয় সরকার এর বিজ্ঞপ্তি নং এস. ও. ১১৪(ই), ১৯ শে ফেব্রুয়ারী, ১৯৯১ (যা উক্ত বিজ্ঞপ্তি অনুযায়ী পরে বলা আছে) তে ঘোষণা করেন কোস্টাল রেগুলেশান জোনকে এবং ওই অঞ্চলে সুরক্ষার জন্য শিল্পের প্রতিষ্ঠা ও সম্প্রসারণ, কাজকর্ম ও পদ্ধতির উপর কিছু নির্দিষ্ট বিধি নিষেধ আরোপ করেন;

যেহেতু, কেন্দ্রীয় সরকার আন্দামান এবং নিকোবর (এ এবং এন হিসাবে উল্লেখ করা হয়েছে) এবং লাক্ষাদ্বীপের পরিবেশগত পরিচালনার জন্য এবং এই উদ্দেশ্যে একটি প্রাথমিক বিজ্ঞপ্তি নং ২২৯১ (ই), ১৫ই সেপ্টেম্বর, ২০১০, যা এনভায়রনমেন্ট (প্রোটেকশন) এ্যাক্ট,১৯৮৬(১৯৮৬ এর ২৯) সেকশন ৩-এর সাব্‌সেকশন(২) এর ক্লজ (V) এবং সাব্‌সেকশন(১) এর অধীনে আছে। এটি ১৯৮৬ সালের এনভায়রনমেন্ট (প্রোটেকশন) রুলস্ এর রুল ৫ এর সাবরুল (৩) এর সাথে ব্যাখ্যা করা হয় আন্দামান নিকোবর ও লাক্ষাদ্বীপপুঞ্জ –এর সহিত সম্পর্কিত ভারত সরকার-এর বনজ ও পরিবেশ মন্ত্রকের দপ্তরে (যা এম ও ই নামে উল্লেখ করা আছে), বিজ্ঞপ্তি নং এস. ও. ১১৪(ই), ১৯ শে ফেব্রুয়ারী ১৯৯১, কে নাকচ করার জন্য;

এবং, বাস্তবিক, উক্ত গেজেটের নকলগুলি ২৫ শে ফেব্রুয়ারী, ২০১০, জনসাধারণের কাছে সুলভ হয়েছে। এবং, পক্ষান্তরে সাধারণের কাছ থেকে প্রাপ্ত প্রস্তাব ও আপত্তি কেন্দ্রীয় সরকারের দ্বারা বিবেচিত হয়েছে;

কেন্দ্রীয় সরকার, স্থানীয় অধিবাসীদের সাথে সাথে আদিবাসী ও মৎস্যজীবীদের জীবিকার উপায় সরবরাহ করা এবং দ্বীপপুঞ্জের অপরূপ পরিবেশের সংরক্ষণ ও সুরক্ষার জন্য উৎসাহদানের জন্য এনভায়রনমেন্ট (প্রোটেকশন) এ্যাক্ট, ১৯৮৬ (১৯৮৬ এর ২৯) এর সেকশন ৩-এর সাবসেকশন (২) এর ক্লজ (V) এবং সাবসেকশন (১) দ্বারা অর্পিত ক্ষমতা আছে। মধ্য আন্দামান, উত্তর ও দক্ষিণ আন্দামান এবং গ্রেটার

নিকোবর এবং আন্দামান, নিকোবর এবং লাক্ষাদ্বীপের অন্যান্য দ্বীপপুঞ্জের সমগ্র অঞ্চল এবং তাদের জলভাগ রাষ্ট্রীয় জলসীমা অবধি আইল্যান্ডস প্রোটেকশন জোন (যা পরে আই পি জেড বলা হয়েছে) অনুযায়ী বিস্তৃত উপকূলের ন্যাচেরাল হ্যাজার্ড এর কথা মাথায় রেখে বিজ্ঞানসম্মত তথ্যের উপর ভিত্তি করে অনুমোদনযোগ্য অবিচ্ছিন্ন পরিচালন পরিকল্পনা কে উৎসাহদান করা হয়েছে এর সামুদ্রিক অঞ্চল ও তার উন্নয়ন কে। যেকোনও রকম শিল্প, কাজকর্ম, পদ্ধতি এবং উৎপাদন বা নিয়ন্ত্রন বা সঞ্চয়ন বা হ্যাজার্ডাস সাবস্ট্যান্স রুলস, ২০০৯ এর অধীনে (নিয়ন্ত্রন, পরিচালন , এবং ট্রান্স বাউন্ডারী মুভমেন্ট) নির্দিষ্ট বিপজ্জনক বস্তু বর্জন-এর উপর বাধা নিষেধ আরোপ করা হয় এবং যা আইল্যান্ড কোস্টাল রেগুলেশন জোন (যা পরে আই সি আর জেড বলে পরিচিত) এবং ইন্টিগ্রেটেড আইল্যান্ড ম্যানেজমেন্ট প্ল্যান্স্ (যা আই আই এম পি - গুলি নামে পরিচিত) -তে দেওয়া আছে।

১৯৮৬ সালের এনভায়রনমেন্ট (প্রোটেকশন) এ্যাক্ট এর রুল ৫এর সাবরুল (৩) -এ এবং ক্লজ (ডি) দ্বারা ক্ষমতা আরোপ এবং ভারত সরকারের বন ও পরিবেশ দপ্তরের বিজ্ঞপ্তি নং এস. ও. ১১৪ (ই) তাং ১৯ শে ফেব্রুয়ারী, ১৯৯১ কে নাকচ করার জন্য সেই সমস্ত কাজ করা হয়েছে বা উপেক্ষা করা হয়েছে তা ব্যতিরেকে, কেন্দ্রীয় সরকার নিম্নলিখিত স্থানগুলিকে আইল্যান্ড প্রোটেকশন জোন হিসাবে ঘোষণা করেছে এবং তা প্রয়োগ করেছে, বিজ্ঞপ্তিটি প্রকাশিত হওয়ার দিন থেকে শিল্পের নির্মাণ ও সম্প্রসারণ কাজক র্ম বা পদ্ধতির উপর নিম্নলিখিত বাধানিষেধগুলি আরোপ করেছে, -

I. নিম্নলিখিত উপায়ে আন্দামান ও নিকোবর (যা এ এবং এন নামে পরিচিত) এবং লাক্ষাদ্বীপ এর পরিবেশের ভারপ্রাপ্ত কর্তৃপক্ষ দ্বারা পরিচালিত হবেঃ-

এ) সাব প্যারা বি-তে উল্লিখিত অন্যান্য চারটি দ্বীপপুঞ্জ ছাড়া সমগ্র আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ আই আই এম পি এস দ্বারা পরিচালিত হবে;

বি) মধ্য, উত্তর ও দক্ষিণ আন্দামান এবং গ্রেটার নিকোবরের দ্বীপপুঞ্জের বিশাল ভৌগোলিক অঞ্চলকে সামনে রেখে, এই দ্বীপপুঞ্জগুলি আইল্যান্ড রেগুলেশন জোন (আই সি আর জেড বলে পরিচিত) দ্বারা পরিচালিত হবে।।

II. আই আই এম পি গুলির উপর ভিত্তি করে লাক্ষাদ্বীপ এবং সাব প্যারা বি -তে উল্লিখিত চারটি দ্বীপপুঞ্জ ছাড়াও আন্দামান নিকোবর ও লাক্ষাদ্বীপ এর দ্বীপপুঞ্জ গুলি, পরিচালিত হবে যেগুলি নিম্নলিখিত নির্দেশিকা অনুযায়ী তৈরী হবে, যেমন;

এ) প্রিপারেশন অব্ ইন্টিগ্রেটেড আইল্যান্ড্স্ ম্যানেজমেন্ট প্ল্যান, -

১) বিজ্ঞপ্তিটি প্রকাশিত হওয়ার এক বছরের মধ্যে আন্দামান ও নিকোবর পরিচালন কর্তৃপক্ষ, আন্দামান নিকোবর আইল্যান্ড প্রোটেকশন জোন এর অবিচ্ছিন্ন অনুমোদনযোগ্য সম্প্রসারণ করার উদ্দেশ্যে আই আই এম পি এস তৈরী হবে যার মধ্যে অন্যান্য অঞ্চলের বর্তমান ও প্রস্তাবিত উন্নয়নগুলি সংরক্ষণের ও সুরক্ষার জন্য প্রকল্প আবাসন যার মধ্যে পরিকাঠামো মূলক প্রকল্পগুলি যেমন স্কুল, বাজার, হসপিটাল, জনসাধারণের সুবিধা এবং এই রকম আরও অনেক কিছু থাকবে;

২) বিজ্ঞপ্তিটি প্রকাশিত হওয়ার তারিখের এক বছরের মধ্যে লাক্ষাদ্বীপ আইল্যান্ডস্ অ্যাড্মিনিস্ট্রেশন আই আই এম পি গুলি এবং অন্যান্য কিছু অঞ্চলের মধ্যে কতকগুলি অঞ্চল নির্দিষ্ট করে সমস্ত বর্তমান ও প্রস্তাবিত উন্নয়নগুলি, সংরক্ষন এবং সুরক্ষা প্রকল্পগুলি পরিকাঠামো মূলক প্রকল্পগুলির সাথে আবাসন যেমন স্কুল, বাজার, হসপিটাল, সাধারণের সুবিধা ইত্যাদিকে সূচিত করে অবিচ্ছিন্ন অনুমোদনযোগ্য উন্নয়ন, লাক্ষাদ্বীপ আইল্যান্ডস প্রোটেকশন জোনের জন্য করবে।

৩) এই বিজ্ঞপ্তির অ্যানেক্সচার ১-এর নির্দেশিকা অনুযায়ী আই আই এম পি গুলির প্রস্তুতিতে উপকূলীয় সম্পদ পরিচালন অভিজ্ঞতা সম্পন্ন ও বিশেষ দক্ষতা সম্পন্ন গবেষণাকেন্দ্রের সাহায্য, যদি প্রয়োজন হয়, আইল্যান্ডস অ্যাড্মিনিস্ট্রেশন নিতে পারে;

৪) দ্বীপপুঞ্জ এবং জলাভুমি অঞ্চলের সমস্ত কাজকর্ম আন্দামান নিকোবর অ্যাড্মিনিস্ট্রেশন বা লাক্ষাদ্বীপ আইল্যান্ডস অ্যাড্মিনিস্ট্রেশন দ্বারা পরিচালিত হবে যেহেতু ঘটনাটি আই আই এম পি গুলির উপর ভিত্তি করে হবে;

৫) দ্বীপপুঞ্জের উন্নয়নের কাজকর্মগুলি আই আই এম পি গুলির সাথে যুক্ত হবে স্থানীয় মফঃস্বল ও শহরের নিয়ম নিয়ন্ত্রণ এবং আবাসনের স্থানীয় নিয়মগুলি নির্দিষ্ট সময়ের জন্য দ্বীপপুঞ্জে বহাল হবে;

৬) সামরিক প্রতিরক্ষা মন্ত্রকের যদি প্রয়োজন হয়, আই আই এম পি গুলিতে যুক্ত হবে এবং সমস্ত সামরিক প্রকল্পগুলি এম ও ই এফ-এর সেক্রেটারী , প্রতিরক্ষামন্ত্রকের সেক্রেটারী এবং আন্দামান ও নিকোবর অ্যাড্মিনিস্ট্রেশনের প্রধান সেক্রেটারীগণ, বা লাক্ষাদ্বীপ আইল্যান্ডস অ্যাড্মিনিস্ট্রেশনের সেক্রেটারী প্রয়োজন অনুসারে এদের দ্বারা গঠিত কমিটির সাহায্যে নিরুপিত হবে;

৭) সময়ের সাথে সাথে প্রয়োজন অনুযায়ী আই আই এম পি গুলি প্রতিটি দ্বীপের জন্য পৃথক ভাবে তৈরী হবে।

৮) এই বিজ্ঞপ্তির প্যারা III এর সাব প্যারা (বি) এর আইটেম (এ) তে চিহ্নিত পরিবেশের ভারসাম্যের সংবেদনশীল অঞ্চল কে আই আই এম পি তৈরীর সময় বিবেচনা করতে হবে।

ওয়াল্ড লাইফ (প্রোটেকশন) এ্যাক্ট, ১৯৭২ (১৯৭২ এর ৫৩) -এর অধীনে চিহ্নিত ন্যাশনাল পার্ক গুলি বা স্যাঙ্কচুয়ারি গুলি যদি

ঐ অঞ্চলের মধ্যে পড়ে, তা আলাদাভাবে প্ল্যানে উল্লেখ থাকবে এবং ওই এ্যাক্ট এর চুক্তি অনুযায়ী তা নিয়ন্ত্রিত হবে।

৯) আই আই এম পি -তে অনুমোদিত কাজকর্মগুলিও ফরেস্ট কনজারভেশন এ্যাক্ট, ১৯৮০ (১৯৮০-র ৬৯) ওয়াইল্ড লাইফ (প্রোটেকশন) এ্যাক্ট ১৯৭২ (১৯৭২ এর ৫৩), এনভায়রনমেন্টাল (প্রোটেকশন) এ্যাক্ট, ১৯৮৬ (১৯৮৬ –র ২৯), এনভায়রনমেন্ট ইম্প্যাক্ট এ্যাসেসমেন্ট –কে বিবেচনাধীনে আনার পর নিয়মাবলী অথবা প্রস্তুত বা ঘোষিত বিজ্ঞপ্তি অনুযায়ী করা হবে। এই এনভায়রনমেন্ট ইম্প্যাক্ট এ্যাসেসমেন্ট, এম. ও. ই. এফ. এস. ও. ১৫৩৩(ই)তাং ১৪ই সেপ্টেম্বর, ২০০৬ যা ভারত সরকারের বিজ্ঞপ্তির অধীনে করা হয়।

১০) (এ) আই এম পি গুলি প্রস্তুত হওয়ার পরে আইল্যান্ড অ্যাড়মিনিস্ট্রেশন প্রকল্পটি জনসাধারণের কাছে অত্যধিক পরিমাণে প্রচার করবে এবং জনসাধারণ ও অন্যান্য মালিকদের কাছ থেকে প্রস্তাব চাইবে প্রকল্পটির প্রকাশের ত্রিশ দিনের মধ্যে।

(বি) প্রকল্পটি অ্যাড়মিনিস্ট্রেশন এর ওয়েবসাইটে এবং কমপক্ষে দুটি সংবাদপত্রের মাধ্যমে প্রকাশিত হবে।।

(সি) এই প্রকল্পের হার্ড কপিটি জনসাধারণের জন্য পাওয়া যাবে ইউনিয়ন টেরিটোরি কোস্টাল জোন ম্যানেজমেন্ট অথরিটিস (যা সি জেড় এম এ নামে পরিচিত) এর চেয়ারম্যান এবং মেম্বার সেক্রেটারী, ডিস্ট্রিক্ট কালেক্টর এবং পলিউশান কন্ট্রোল কমিটির অফিসে।

(ডি) মন্তব্য প্রাপ্তির পর আইল্যান্ড অ্যাড়মিনিস্ট্রেশন প্রকল্পের প্রয়োজনীয় পরিবর্তন করবে এবং কেন্দ্রীয় সরকারের এম ও ই এফ –এতে তা জমা দেবে এর বিবেচনা ও অনুমোদনের জন্য।

(ই) প্রকল্পটির প্রস্তুতির সময় যদি কোন অভিযোগ উঠে আসে তাহলে তা উপস্থাপন ও বর্জন করার দ্বায়িত্ব, ইউনিয়ন টেরিটোরি সি জেড় এম এ এবং ন্যাশনাল কোস্টাল জোন ম্যানেজমেন্ট অথরিটির উপর বর্তাবে।

(১১) এম ও ই এফ -তে কেন্দ্রীয় সরকার, আই আই এম পি গুলি গ্রহণ করে প্রকল্পটি পরীক্ষা করার পর যদি সন্তোষ প্রকাশ করে তবে এটি পাওয়ার ষাট দিনের মধ্যে তা অনুমোদন করবে।

(১২) আই আই এম পি –র অধীনে সমস্ত কাজকর্ম গুলি আইল্যান্ডের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দ্বারা এই রকম প্রকল্প অনুযায়ী পরিচালিত হবে।

III. আই সি আর জেড় কে নির্ভর করে মধ্য, উত্তর, দক্ষিণ আন্দামান এবং গ্রেটার নিকোবর –এর দ্বীপপুঞ্জ নিম্নলিখিত বৈধ কর্তৃত্ব অনুসারে পরিচালিত হবে, যেমনঃ-

এ) (i) সমুদ্রের সামনে উপকূল বরাবর স্থলাভিমূখে হাই টাইড লাইন (এইচ টি এল নামে পরিচিত) থেকে ৫০০ মিটার অবধি বিস্তৃত অঞ্চল,

(ii) আই সি আর জেড় প্রযোজ্য হবে এইচ টি এল থেকে ১০০ মিটার স্থলভাগ বা স্থলাভিমুখে জোয়ারের দ্বারা প্রভাবিত জলভূমি, খাঁড়ির প্রশস্ততা যা সমুদ্রের সাথে যুক্ত – এগুলির মধ্যে যেটি ছোট এবং এই রকম জোয়ারের দ্বারা প্রভাবিত জলভূমির দূরত্ব অবধি যা নিয়ন্ত্রন করতে হবে, যত দূর অবধি জোয়ারের প্রতিক্রিয়া অনুভব করা যায়। লবণের ঘনত্ব পরিমাপ করা যায় হাজার ভাগের পাঁচ ভাগ অবধি (পি পি টি) যা পরিমাপ করা হয় বছরের শুষ্কতম সময়ে এবং জোয়ারের প্রতিক্রিয়া ও দূরত্ব পরিস্কারভাবে নিরূপিত ও চিহ্নিত আই সি আর জেড় প্রকল্প অনুযায়ী।

ব্যাখ্যা- এই আইটেমের উদ্দেশ্য হল, জোয়ার প্রভাবিত জলাভূমি বলতে বোঝায় সমুদ্র থেকে জোয়ার প্রভাবিত জলাভূমি উপসাগরে, মোহনায়,নদীতে, খাঁড়িতে আবদ্ধ জলাভূমিতে এবং হ্রদ –এ।

(iii) এইচ টি এল এবং লো টাইড লাইন (এল টি এল নামে পরিচিত) –এর মধ্যে স্থলভাগ ইন্টার টাইডাল জোন নামে পরিচিত।

(iv) এল টি এল –এর মধ্যে জলভূমি এবং স্থলভূমি সমুদ্রের ক্ষেত্রে রাষ্ট্রীয় জলসীমা (১২ এন এম) এবং এল টি এল এবং জোয়ারের দ্বারা প্রভাবিত জলাশয়ের উল্টোদিকে এল টি এল তীরের মাঝে অবস্থিত।

বি) চারটি দ্বীপ-এর উপকূল অঞ্চলগুলি নিম্নলিখিত উপায়ে ভাগ করা যায়, যেমনঃ-

১.(এ) আই সি আর জেড় -I,- অঞ্চল যা পরিবেশের ভারসাম্যের প্রতি সংবেদনশীল জীব জগতের বৈশিষ্ট্য যা উপকূলের অখন্ডতা বজায় রাখার ভূমিকা পালন করেঃ-

(i) ম্যান গ্রোভ্স্;

(ii) কোরাল রীফ্স্; (প্রবাল প্রাচীর)

(iii) স্যান্ড বীচেস্ এন্ড স্যান্ড ডিউন্স্

(iv) মাড় ফ্ল্যাটস্

(v) ওয়াইল্ড লাইফ(প্রোটেকশন) এ্যাক্ট, ১৯৭২ (১৯৭২ –এর ৫৩), ফরেস্ট (কনজারভেশন) এ্যাক্ট, ১৯৮০ (১৯৮০ –এর ৬৯) বা এনভায়রনমেন্ট (প্রোটেকশন) এ্যাক্ট, ১৯৮৬ (১৯৮৬ –র ২৯) –এর অধীনে সংরক্ষিত অঞ্চল।

(vi) লবণাক্ত জলাভূমি,

(vii) কচ্ছপের বাসস্থান,

(viii) হর্স সু কাঁকড়ার বাসস্থান,
(ix) সী গ্রাস বেড়স্,
(x) সী উইড বেড়স্,
(xi) পাখিদের বাসস্থান –এর জমি,
(xii) ফিশিং ভিলেজেস এবং চিরাচরিত অধিকারভুক্ত অঞ্চল,

(বি) লো টাইড লাইন এবং হাই টাইড লাইনের মধ্যের অঞ্চল, এবং

(২) আই সি আর জেড় - II,- সমুদ্র উপকূলের নিকট এবং সমুদ্র উপকূল অবধি সম্প্রসারিত অঞ্চল।

ব্যাখ্যা, - ডেভেলপড় এরিয়া বা উন্নয়নশীল অঞ্চল বলতে বোঝায়, সেই সমস্ত অঞ্চল যা পৌরসভার সীমার মধ্যে অবস্থিত অথবা অন্যান্য বৈধ স্বীকৃত মফঃস্বল অঞ্চল যা বাস্তবিক পক্ষে তৈরী এবং নর্দমা, রাস্তা ও অন্যান্য পরিকাঠামোগত সুবিধা, যেমন জল সরবরাহ এবং ভূগর্ভস্থ নর্দমার সুবিধা দেওয়া হয়েছে।

(৩) আই সি আর জেড় III,-
অপেক্ষাকৃত নির্ঝঞ্ঝাট অঞ্চল এবং যে গুলি হয় ক্যাটিগরী বি(i)(এ) বা বি –এর মধ্যে পড়ে না যার উপর গ্রাম্য অঞ্চলের (উন্নত ও অনুন্নত) উপকূল অঞ্চল অন্তর্ভুক্ত এবং পৌরসীমার মধ্যে বা আইনত স্বীকৃত অন্যান্য মফঃস্বল অঞ্চল যা বাস্তবিক পক্ষে তৈরী হয় নি।

(৪) আই সি আর জেড় - IV,-
(i) জলভূমি যা সমুদ্রের দিকে লো টাইড লাইন থেকে বারো নটিক্যাল মাইল অবধি;
(ii) সমুদ্রে জলভূমির মোহনা থেকে জোয়ার প্রভাবিত জলভূমি যার পরিমাপ বছরের শুষ্কতম সময়ে হাজার ভাগের পাঁচ ভাগ অন্তর্ভুক্ত করা হয়।

(সি) আই সি আর জেড় প্রকল্পগুলির প্রস্তুতি –
(i) চার টি দ্বীপের জন্য আন্দামান ও নিকোবর কর্তৃপক্ষের দ্বারা এম ও ই এফ আই সি আর জেড় প্রকল্পটি তৈরী করবে। আই সি আর জেড় টি তৈরী করার জন্য নামী এবং অভিজ্ঞ বৈজ্ঞানিক সংগঠন বা এম ও ই এফ –এর সংস্থা যার মধ্যে ন্যাশনাল সেন্টার ফর সাস্টেনেব্ল্ কোস্টাল ম্যানেজমেন্ট (এন সি এস সি এম) পড়ে এবং সংশ্লিষ্ট মালিকদের সাথে আলোচনা করে তৈরী হবে;
(ii) এস ও আই –এর মাধ্যমে এম ও ই এফ –এর দ্বারা হ্যাজার্ড লাইনের খসড়া বানানো হবে,দেশের উপকূল বরাবর এবং জোয়ার, ঢেউ, সমুদ্রের জলস্তরের বৃদ্ধি এবং তটরেখার পরিবর্তন –এর কথা মাথায় রেখে হ্যাজার্ড লাইন টি চিহ্নিত হবে।
(iii) পরবর্তী পঞ্চাশ এবং একশ বছরে জোয়ার, ঢেউ এবং সমুদ্রের জলস্তর বৃদ্ধির কারণে যে বন্যা তাকে ছবির মত বর্ণনা

করার জন্য, স্থলভূমির উপর এইচ টি এল থেকে সাধারণত সাত কিলোমিটার অবধি ০.৫ মি. ব্যবধানে উপকূল রেখা বরাবর সীমারেখার খসড়া তুলে ধরা হবে, এবং আগের উপগ্রহ থেকে তোলা ছবির সাথে বর্তমান উপগ্রহ থেকে তোলা ছবির তুলনা করে, ঐতিহাসিক তথ্যের উপর ভিত্তি করে তটরেখার পরিবর্তনগুলি চিহ্নিত হবে;

(iv) হ্যাজার্ড লাইনের ছক তৈরী করা হবে ১:২৫০০০ স্কেলে ম্যাক্রো লেভেল প্ল্যানিং এর জন্য। উপকূল অঞ্চলে জমি ব্যবহারের প্রকল্প গ্রহণ করার জন্য এবং ১:১০০০০ স্কেলে যা ক্যাডাস্টাল স্কেলে মাইক্রো লেভেল ম্যাপিং-এর জন্য। উপকূল অঞ্চলে জমি ব্যবহারের প্রকল্প গ্রহন করার সময় হ্যাজার্ড লাইন কে বিবেচনার মধ্যে আনতে হবে।

(v) আন্দামান ও নিকোবর কর্তৃপক্ষ বিজ্ঞপ্তি টি প্রকাশের তারিখের চব্বিশ মাসের মধ্যে তৈরী করবে আই সি আর জেড় প্ল্যানগুলির খসড়া ১:২৫০০০ স্কেল ম্যাপে, সাধারণ মানুষের মতামত কে যুক্ত করে আই সি আর জেড় -I,II, III, এবং IV কে চিহ্নিত ও শ্রেণী বিভক্ত করে।

(vii) ইউনিয়ন টেরিটোরি এ্যাড়মিনিস্ট্রেশন আই সি আর জেড় -এর প্রকল্পের খসড়া জমা দেবে আন্দামান নিকোবর সি জেড় এম এ –এর নিকট মূল্যায়ণ, উপযুক্ত মতামত এবং সুপারিশ এর জন্য, ই আই এ –র বিজ্ঞপ্তি, ২০০৬ –এর পদ্ধতি অনুসারে;

(viii) মালিকদের কাছ থেকে প্রস্তাব ও আপত্তি পাওয়ার পর ছ-মাসের মধ্যে আই সি আর জেড় প্রকল্পের উপর সুপারিশসহ আই সি আর জেড় প্রকল্পের খসড়াটি আন্দামান নিকোবরের সি জেড় এম এ, এম ও ই এফ –কে জমা দেবে।

(ix) এরপর সমস্ত দিক থেকে সম্পূর্ন আই সি আর জেড় প্রকল্পগুলি গ্রহণের তারিখ থেকে চারমাসের মধ্যে এম ও ই এফ আই সি আর জেড় প্রকল্পটি বিবেচনা ও অনুমোদন করবে;

(x) বিজ্ঞপ্তিতে তালিকাভূক্ত সমস্ত উন্নয়নমূলক কাজকর্ম পরিচালিত হবে ইউনিয়ন টেরিটোরি অ্যাড়মিনিস্ট্রেশন, স্থানীয় কর্তৃপক্ষ বা সংশ্লিষ্ট আন্দামান নিকোবর সি জেড় এম এ –দ্বারা, এই রকম অনুমোদিত আই সি আর জেড় প্রকল্পগুলির পরিকাঠামোর মধ্যে, যাতে এই বিজ্ঞপ্তির চুক্তি অনুযায়ী ঘটনাটি সম্পন্ন হতে পারে।

(xi) পাঁচ বছরের আগে আই সি আর জেড় প্রকল্পগুলি সাধারণতঃ পুনঃপরীক্ষিত হয় না, যার পরে সংশ্লিষ্ট ইউনিয়ন টেরিটোরি অ্যাড়মিনিস্ট্রেশন মানচিত্র গুলির পুনঃপরীক্ষার দ্বায়িত্ব নেওয়ার কথা বিবেচনা করতে পারে উপরের প্রক্রিয়াগুলি মান্য ক'রে।

(ডি) এই বিজ্ঞপ্তির অধীনে চারটি দ্বীপপুঞ্জের অনুমোদনযোগ্য কাজকর্মের নিয়মগুলি হল,-

১.(i) আই সি আর জেড় -I-

(এ) কোন নতুন নির্মাণের অনুমতি দেওয়া হবে না, এগুলি ছাড়া,-

(i) পরমাণু শক্তি দপ্তরের সাথে যুক্ত প্রকল্পগুলি;

(ii) পাইপলাইন গুলি, পরিবহণের সাথে যুক্ত বহনকারী ব্যবস্থা;

(iii) আই সি আর জেড় -I- এর অনুমোদনযোগ্য কাজকর্মের জন্য প্রয়োজনীয় সুবিধাগুলি;

(iv) ইন্ডিয়ান মিটিওরোলজিক্যাল ডিপার্টমেন্ট দ্বারা ঘোষিত সাইক্লোনের গতির নজরদারি এবং আগাম আভাস দেওয়ার জন্য ব্যবহৃত ওয়েদার রাডার স্থাপন;

(v) এল টি এল এবং এইচ টি এল –এর মধ্যে জোয়ারের জলের প্রবাহকে প্রভাবিত না করে সমুদ্রের দ্বীপগুলির নিজেদের মধ্যে যোগাযোগ নির্মাণ করা।

(বি) এল টি এল এবং এইচ টি এল –এর মধ্যবর্তী অঞ্চলগুলি, যা পরিবেশগত ভারসাম্য বজায় রাখার ক্ষেত্রে সংবেদনশীল নয় এবং গুরুত্বপূর্ণ, প্রয়োজনীয় নিরাপত্তার পদক্ষেপ সম্মিলিত করা হবে যদি নিম্নলিখিত জিনিষগুলি অনুমোদিত হয়, যেমনঃ-

(i) প্রাকৃতিক গ্যাস অনুসন্ধান ও নিষ্কাশন;

(ii) মৎস্যজীবীদের জন্য দাতব্য চিকিৎসালয়, বিদ্যালয়, বৃষ্টিতে জনসাধারণের জন্য আশ্রয়, সাধারণের জন্য শৌচাগার, সেতু, রাস্তা, জেটি, জল সরবরাহ, নর্দমা, ভূগর্ভস্থ নর্দমা নির্মাণ যা প্রয়োজন ভূখন্ডে পরম্পরা অনুযায়ী বসবাসকারী মানুষ, মৎসজীবী এবং বংশপরম্পরায় পাওয়া অধিকারপ্রাপ্ত মানুষদের জন্য যা আন্দামান নিকোবরের সি জেড় এম এ –র নিকট থেকে অনুমতি পাওয়ার পরে করা যাবে;

(iii) হ্যাজার্ড জোনের মধ্যে অবস্থিত অঞ্চলের প্রয়োজনীয় নিরাপত্তা সূচক পদক্ষেপ –এর সাথে যুক্ত এই রকম উন্নয়ন মূলক কাজকর্মের অনুমোদন প্রদান;

(iv) লবণ মুক্তকরণের কারখানা;

(v) বিপজ্জনক নয় এমন মালপত্র যেমন ভোজ্য তেল, সার, এবং শস্য দানা নির্দিষ্ট বন্দরে মজুত;

২. আই সি আর জেড় -II,-

(i) স্থলাভিমুখে স্বীকৃত অস্তিত্বশীল বিল্ডিং বা স্থলাভিমুখে রাস্তার ধারে বিল্ডিংগুলি অনুমোদিত হবে।

(ii) স্থলাভিমুখে প্রস্তাবিত এবং বর্তমান রাস্তার উপর বিল্ডিং নির্মাণের অনুমোদন অথবা বিদ্যমান স্বীকৃত কাঠামোগুলি বর্তমান স্থানীয় মফঃস্বল ও দেশের প্ল্যানিং রেগুলেশন এর মধ্যে পড়বে ফ্লোর স্পেস ইনডেক্স (যা এফ এস আই বলে পরিচিত) বা ফ্লোর এরিয়া রেশিও (যা এফ এ আর বলে পরিচিত) –এর এক্সিস্টিং নিয়মাবলী কে যুক্ত করবেঃ

বর্তমান রাস্তার পাশে সমুদ্রের স্থলভূমিতে নির্মিত নতুন রাস্তার পাশের স্থলভূমিতে কোন বিল্ডিং নির্মানের অনুমতি দেওয়া হবে না।

(iii) বর্তমান ব্যবহারকে অপরিবর্তিত রেখে বিদ্যমান এফ এস আই বা এফ এ আর নিয়মাবলী অনুযায়ী স্বীকৃত বিল্ডিং এর পুণঃনির্মানের অনুমতি।

৩. আই সি আর জেড় -III,-

(এ) যদি সমুদ্রাভিমুখী হয় তাহলে স্থলাভি মুখের পাশে এইচ টি এল থেকে ২০০ মিটার অবধি অঞ্চল এবং জোয়ার প্রভাবিত জলাভিমুখের ১০০ মিটার বরাবর অথবা খাঁড়ির বিস্তৃতি যা এদের মধ্যে কম, তা চিহ্নিত হবে "নো ডেভেলপমেন্ট জোন (এন ডি জেড় বলে পরিচিত)" বলে,-

(i) কোন নির্দিষ্ট বন্দরসীমার মধ্যে এন ডি জেড় প্রযোজ্য হবে না;

(ii) এন ডি জেড় এর মধ্যে কোন নির্মাণকাজ অনুমতি প্রাপ্ত হবে না, শুধু মাত্র মেরামতী, অস্তিত্বশীল স্বীকৃত কাঠামোর সংস্কারসাধন, ছাড়া , যা বিদ্যমান এফ এস আই , ভূমিক্ষেত্র ঘনত্বকে অতিক্রম করবে না এবং বিজ্ঞপ্তির অধীনে অনুমোদনযোগ্য কাজকর্মের জন্য প্রয়োজনীয় সুযোগ সুবিধা যুক্ত করে; মৎস্যজীবী সহ স্থানীয় উপকূলীয় আদিবাসীদের বাসস্থান নির্মাণ ও সংস্কার সাধনের জন্য সমুদ্র উপকূল বরাবর এইচ টি এল থেকে ১০০ এবং ২০০ মিটার –এর মধ্যে স্থান অনুমোদিত হবে। মৎস্যজীবী ও উপকূলীয় আদিবাসীদের সাথে আলোচনার মাধ্যমে ইউনিয়ন টেরিটোরি অ্যাড়মিনিস্ট্রেশন একটি বোধগম্য প্রকল্প প্রস্তুত করবে এবং প্রয়োজনীয় আপৎকালীন ব্যবস্থা , স্বাস্থ্যকর ব্যবস্থা এবং এম ও ই এফ –এর অনুমোদনের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন টেরিটোরি সি জেড় এম এ -থেকে এন সি জেড় মে এ –কে একত্রিত করতে হবে;

(iii) যাই হোক, নিম্নলিখিত কাজকর্মগুলি এন ডি জেড় -এ তে অনুমোদন পেতে পারে,-

(এ) কৃষিকাজ, উদ্যান পালনে , বাগান, পশুচারণ ভুমি, খেলার মাঠ, পার্ক, এবং বনজ সম্পদ রক্ষণাবেক্ষণ।

(বি) পরমাণু শক্তি কেন্দ্রর সাথে সম্পর্কিত প্রকল্পগুলি;

(সি) দুষ্প্রাপ্য খনিজ সম্পদ আহরণ;

(ডি) এ্যানেক্সচার –II এ নির্দেশিত পেট্রোলিয়ামজাত দ্রব্য এবং তরলীকৃত প্রাকৃতিক গ্যাসের প্রাপ্তি ও সঞ্চয় –এর সুবিধা;

(ই) তরলীকৃত প্রাকৃতিক গ্যাসকে পুনরায় গ্যাসে পরিণত করার সুবিধা;

(এফ) অপ্রচলিত শক্তির উৎস দ্বারা বিদ্যুৎ উৎপাদনের সুবিধা;

(জি) লবণাক্ত দূরীকরণের জন্য কারখানা এবং তার সাথে যুক্ত অন্যান্য সুবিধা;

(এইচ) জলবায়ুর জন্য রাডার

(আই) দাতব্য চিকিৎসালয়, বিদ্যালয় , সাধারণের জন্য বৃষ্টিতে আশ্রয়, সাধারণের জন্য শৌচালয় , সেতু, রাস্তা , জল সরবরাহের ব্যবস্থা , নর্দমা, ভূগর্ভস্থ নর্দমা, কবরস্থান, শ্মশান এবং বিদ্যুতের সাব স্টেশন যা স্থানীয় বাসিন্দাদের জন্য প্রয়োজন, অনুমোদন পেতে পারে আন্দামান নিকোবর সি জেড় এম এ –র দ্বারা, ঘটনার পর ঘটনাকে ভিত্তি করে।

(জে) গৃহের আবর্জনা ব্যবহার এবং বর্জন করতে নির্মাণ কাজের জন্য সংশ্লিষ্ট পলিউশান কমিটির কাছ থেকে আগে থেকেই অনুমোদন নিতে হবে।

(কে) স্থানীয় মৎস্যজীবী সম্প্রদায়ের প্রয়োজনীয় সুবিধা যেমন, –মাছ শুকোবার জায়গা, নীলামের স্থান, জাল মেরামতের স্থান, বরফ কারখানা, বরফ ভাঙার কারখানা, মাছের চিকিৎসার সুবিধা এবং এই রকম আরো অনেক;

(এল) বিমান ক্ষেত্রের জন্য ব্যবহার করা যায় এমন জমি ও তার সাথে যুক্ত সুবিধাবলী।

(বি) ২০০ মিটার থেকে ৫০০ মিটারের মধ্যবর্তী অঞ্চল, – উপরোক্ত অঞ্চলে নিম্নলিখিত কাজকর্মগুলি অনুমতি পেতে পারে,

(i) এ্যানেক্সচার –II তে বিশেষ ভাবে চিহ্নিত পেট্রোলিয়াম জাত দ্রব্য এবং তরলীকৃত প্রাকৃতিক গ্যাসের প্রাপ্তি ও সঞ্চয়ের সুবিধা;

(ii) এ্যানেক্সচার –III –তে দেওয়া নির্দিষ্ট নির্দেশাবলী বর্ণিত অঞ্চলে ফাঁকা স্থানের উন্নয়নের জন্য দর্শনার্থী ও ভ্রমনার্থী দের জন্য হোটেল , বীচ রিসর্ট নির্মাণ এগুলি শর্তাবলীর মধ্যে পড়ে;

(iii) তরলীকৃত প্রাকৃতিক গ্যাসকে পুনরায় গ্যাসে পরিণত করার সুবিধা;

(iv) বিপজ্জনক নয় এমন মালপত্র যেমন ভোজ্য তেল, সার , শস্য দানা উল্লেখিত বন্দরে মজুত;

(v) লবণাক্ত দূরীকরণের কারখানা ও তার সাথে যুক্ত অন্যান্য সুযোগ সুবিধা;

(vi) অপ্রচলিত শক্তির উৎস দ্বারা বিদ্যুৎ উৎপাদনের সুবিধা;

(vii) আবাসনের সুবিধাগুলি উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত অধিকার – এর চৌহদ্দির মধ্যে যতদিন অবধি থাকবে এবং চিরপ্রচলিত ব্যবহারগুলি যেমন অস্তিত্বশীল মৎস্যজীবীদের গ্রাম, এই ধরণের গঠন ও পুনর্গঠনের জন্য নির্মাণের অনুমতি যা মফঃস্বল ও দেশের পরিকল্পনা অনুযায়ী হবে, যার মোট উচ্চতা ভূমি থেকে দোতলা (ভূমি+একতলা) অবধি কখনই ৯ মিটার কে অতিক্রম করবে না।

(viii) বিমানক্ষেত্রের জন্য ব্যবহার করা যায় এমন একফালি জমি এবং তার সাথে যুক্ত অন্যান্য সুবিধা।

৪. আই সি আর জেড় -IV- এর অঞ্চল, -চিরাচরিত প্রথায় মাছ ধরা ও তার সাথে যুক্ত কাজকর্মগুলি যা স্থানীয় সমিতি দ্বারা সম্পন্ন হয় তা নিচে দেওয়া আছে- এই সব কাজকর্মগুলি ছাড়া, সমুদ্রতটের উন্নয়নমূলক কাজকর্ম এবং বন্দর ও পোতাশ্রয়সহ জোয়ার প্রভাবিত জলভূমি এবং সমুদ্রকে আক্রান্ত করে এমন কাজকর্মগুলি পরিচালিত হবে, যেমনঃ-

(এ) জলপরিশোধন ব্যবস্থাসহ সব রকম কাজ থেকে নির্গত কঠিন বর্জ্য পদার্থ বা ছাই,জাহাজ ধোয়ার নোংরা, জাহাজের ভিতরে রাখা জল , প্রবাহিত বর্জ্য পদার্থ এবং অপরিশোধিত নালা পরিস্কার করে বার করে দিতে হবে বা কোন স্থানে জমিয়ে রাখতে হবে। উপকূলবর্তী মফঃস্বল ও শহর থেকে নির্গত বর্জ্য পদার্থ পরিশোধনের গ্রহণযোগ্য পরিকল্পনা সম্পর্কে চিরাচরিত মৎস্যজীবী , উপকূলবর্তী সম্প্রদায় ও মালিকের সাথে আলোচনা করে এক বছরের মধ্যে কাজে রূপান্তরিত করতে হবে ;

(বি) তেল ও গ্যাস উৎপাদন এবং ড্রিলিং, মাইনিং, বোট হাউস এবং শিপিং এর জন্য দূষণ;

(সি) স্থানীয় সম্প্রদায় দ্বারা গৃহীত চিরাচরিত প্রথায় মাছ ধরা এবং তার সাথে সম্পর্কযুক্ত কোন ও কাজকর্মের উপর কোন ও বাধা নিষেধ থাকবে না।

5. আই সি আর জেড় এবং আই এম পি এস কতদিন বৈধ থাকবে তার সময়সীমা, -

(i) আই সি আর জেড় এবং আই আই এম পি গুলি পাঁচ বছরের জন্য বৈধ থাকবে এবং প্রকল্পটি শেষ হওয়ার তারিখের ছয়মাসের মধ্যে পরবর্তী আই আই এম পি টি তৈরী হবেঃ যদি আন্দামান নিকোবর আইল্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন বা এমন হতে পারে, লাক্ষাদ্বীপ আইল্যান্ড

অ্যাড়মিনিস্ট্রেশন প্রয়োজনানুসারে, যে কোন ও সময়ে প্রকল্পটি পুনরায় বিচার করতে পারে।

(ii) ১৯১১ সালের সি আর জেড় বিজ্ঞপ্তির অধীনে অনুমোদিত কোস্টাল জোন ম্যানেজমেন্ট প্ল্যানগুলি চব্বিশ মাসের জন্য বৈধ থাকে, যতক্ষণ না অবধি এম ও ই এফ দ্বারা উপরোক্ত সময়কাল বর্ধিত হচ্ছে এই ধরনের শর্ত ও নিয়মাবলী যা ওই নির্দিষ্ট বিজ্ঞপ্তির দ্বারা নির্দিষ্ট করা আছে।

6. এই বিজ্ঞপ্তিটির বলবৎকরণ ও পরীক্ষণ,-

(এ) চুক্তিগুলি কাজে রূপান্তরিতকরণ এবং বলবৎকরণের উদ্দেশ্যে এই বিজ্ঞপ্তি এবং নির্দিষ্ট শর্তের সাথে সামঞ্জস্য রেখে নিজস্ব বা অর্পিত ক্ষমতা পাওয়া যায় এম ও ই এফ এর সাথে ১৯৮৬ সালের পরিবেশ (সুরক্ষা) আইন বা ইউনিয়ন টেরিটোরি অ্যাডমিনিস্ট্রেশন এন সি জেড় এম এ এবং এস্ সি জেড় এম এ গুলির অধীনে;

(বি) এন সি জেড় এম এ এবং ইউ টি সি জেড় এম এ গুলির চুক্তি, স্বত্ব এবং আদেশ, এম ও ই এফ –এর দ্বারা ইতিমধ্যে নির্দিষ্ট হয়েছে মাননীয় সুপ্রিম কোর্টের ১৯৯৩ সালের লিখিত পিটিশন ৬৬৪ আদেশানুসারে;

(সি) ইউনিয়ন টেরিটোরি সি জেড় এম এ গুলির প্রাথমিক দ্বায়িত্ব হল এই বিজ্ঞপ্তিটিকে বলবৎকরণ ও পরিদর্শনের জন্য এই কাজে সহযোগিতা করা। ডিস্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট এর সভাপতিত্বে এবং ইউনিয়ন টেরিটোরি দ্বারা গঠিত জেলাস্তরের সমিতিগুলিকে জেলে সহ স্থানীয় চিরাচরিত উপকূলবাসীর অন্ততঃ তিনজন প্রতিনিধি থাকবে।

(ডি) মৎস্যজীবী ও উপজাতিসহ চিরাচরিত উপকূলবাসীদের বাসস্থান, ১৯৯১ সালের সি আর জেড় বিজ্ঞপ্তির চুক্তির অধীনে অনুমতিযোগ্য কিন্তু উপরোক্ত বিজ্ঞপ্তির অধীনে যারা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছ থেকে নিয়মমত অনুমতি পায় নি; তারা সংশ্লিষ্ট ইউনিয়ন টেরিটোরি সি জেড় এম এ গুলির দ্বারা বিবেচিত হবে এবং বাসস্থানগুলি নিম্নলিখিত শর্তের দ্বারা পরিচালিত হবে। যেমন –

(i) এগুলি ব্যবসায়িক কাজে ব্যবহার করা হবে না

(ii) এগুলি চিরাচরিত নয় এমন উপকূলবাসী সম্প্রদায়ের কাছে বিক্রীত বা হস্তান্তরিত হবে না।

7. আন্দামান এবং নিকোবর এবং লাক্ষাদ্বীপের দ্বীপগুলিতে নিম্নলিখিত কাজকর্ম নিষিদ্ধঃ-

(i) প্রবাল প্রাচীরকে ধ্বংস করা;

(ii) প্রবাল প্রাচীর অঞ্চল , আঞ্চলিক লুপ্তপ্রায় প্রজাতির বাসা এবং প্রজননের স্থানের চারিপাশে বালি খোঁড়া যাবে না।

(iii) প্রবাল প্রাচীরের পাশে সমুদ্রাভিমুখের তটকে সুরক্ষার জন্য মজবুত নির্মান,

(iv) অপরিশোধিত বর্জ্য পদার্থ বা জলের বর্জন;

(v) কঠিন বর্জ্য পদার্থ যেমন – হাই, শিল্পের বর্জ্য পদার্থ, চিকিৎসা জনিত বর্জ্য পদার্থ, নন-বায়োডিগ্রেডেবল বর্জ্য পদার্থ ইত্যাদি আরো অনেক কিছু অপসারণ করা;

(vi) পরিবেশের ভারসাম্য বজায় রাখার জন্য সংবেদনশীল অঞ্চলের দশ কিলোমিটারের মধ্যে অবস্থিত লাল শ্রেণী ভুক্ত শিল্পগুলি (যা এনভায়রনমেন্ট (প্রোটেকশন) এ্যাক্ট, ১৯৮৬ (১৯৮৬ এর ২৯) বা এয়ার (প্রোটেকশন অ্যান্ড কন্ট্রোল অব্ পলিউশান) এ্যাক্ট, ১৯৮১ বা ওয়াটার (প্রিভেনশান অ্যান্ড কন্ট্রোল অব্ পলিউশান) এ্যাক্ট) দ্বারা নিষিদ্ধ;

(vii) বর্তমান শিল্পের সম্প্রসারণ এবং নতুন শিল্প স্থাপন –

(এ) যাদের জলের সামনের ভাগের সাথে সরাসরি সম্পর্কযুক্ত বা সরাসরি উপকূলবর্তী সুবিধার দরকার –এদের ব্যতিরেকে;

ব্যাখ্যাঃ- এই বিষয়ের উদ্দেশ্য, 'ফোরশোর ফেসিলিটি' বলতে বোঝায়, এই বিজ্ঞপ্তির অধীনে অনুমতিযোগ্য কাজগুলিকে এবং এর কাজকর্মের জন্য জলের সামনের ভাগটি প্রয়োজন যেমন , বন্দর এবং পোতাশ্রয় , জাহাজের মাল ওঠা-নামা করার ঘাট , জেটিতে বাঁধার জায়গা, ভূমিক্ষয় নিয়ন্ত্রণের প্রক্রিয়া, সমুদ্রতট কে রক্ষা করার জন্য পাঁচিল, পাইপ লাইন, লাইট হাউস, নৌকা বা জাহাজ চালানোর জন্য সুরক্ষার সুবিধা , উপকূলবর্তী পুলিশ ইত্যাদি আরও এই রকম;

(বি) পারমাণবিক শক্তি দপ্তরের প্রকল্পগুলি;

(সি) এই বিজ্ঞপ্তির অধীনে অপ্রচলিত শক্তির উৎস থেকে বিদ্যুৎ উৎপাদনের সুবিধা এবং সামাজিক প্রভাব কে যুক্ত করে প্রভাব পরীক্ষার ভিত্তিতে পরিবেশের ভারসাম্যগত ভাবে সংবেদনশীল নয় এমন স্থানে নোনা জল মুক্তকরণের জন্য শিল্প স্থাপন;

(ডি) স্থানীয় মফঃস্বল এবং দেশের প্ল্যানিং রেগুলেশন অনুযায়ী স্থানীয় সম্প্রদায় ও মৎস্যজীবীদের আবাসন প্রকল্পের পুনর্নির্মান ও সংস্কার।

(viii) তেলের মজুদঘর তৈরী ও নিয়ন্ত্রন বা বিপজ্জনক বস্তুগুলির অপসারণ যা, পরিবেশ ও বন দপ্তরের বিজ্ঞপ্তি নং এস ও ৫৯৪ (ই) তাং ২৮ শে জুলাই, ১৯৮৯, এস ও নং ৯৬৬ (ই) তাং ২৭ শে নভেম্বর ১৯৮৯ , এবং জি এস আর ১০৩৭ (ই) তাং ৫ই ডিসেম্বর ১৯৮৯ –এ তে বলা হয়েছে, নিম্নের বিষয়গুলি ব্যতিরেকে-

(এ) জাহাজ থেকে বন্দরে , রেলপথে, শোধনাগারে বিপজ্জনক বস্তুগুলি নামানো বা ওঠানোর কাজ এবং ভাইস–ভার্সা;

(বি) এই বিজ্ঞপ্তিতে উল্লেখিত, অ্যানেক্সচার -II- তে নির্দেশিত পেট্রোলিয়াম জাত দ্রব্য এবং তরলীকৃত প্রাকৃতিক গ্যাসের মজুদ ও প্রাপ্তির জন্য সুবিধাগুলি এবং তরলীকৃত প্রাকৃতিক গ্যাস (এল এন জি নামে পরিচিত) কে আবার গ্যাসে পরিণত করার উপায়গুলি , সেই সমস্ত অঞ্চলে যেগুলি পরিবেশের ভারসাম্যের সাথে সংবেদনশীল নয় এমন শ্রেনীভুক্ত অঞ্চল গুলি যা আই সি আর জেড়-I (এ)-র অর্ন্তর্ভুক্ত নয় এবং অন্যান্য নির্দিষ্ট সংবেদনশীল অঞ্চল গুলি যা অয়েল ইন্ডাস্ট্রী সেফটি ডাইরেক্টরেট যা পেট্রোলিয়াম এবং ন্যাচেরাল গ্যাস মন্ত্রকের মধ্যে পড়ে, দ্বারা ঘোষিত নির্দেশাবলীকে যুক্ত করে সুরক্ষা পরিচালনের আওতায় পড়ে। নির্দেশাবলী এম ওই এফ –এর দ্বারা প্রকাশিত হয় এবং পরিবেশের সাথে যুক্ত উন্নতিকারক এবং ক্ষমতাবর্ধক পদক্ষেপগুলি কে কর্মে পরিণত করার জন্য পরবর্তী চুক্তি ও শর্তাবলীর অধীনে থাকে, যেমন –এম ও ই এফ – এর দ্বারা চুক্তিবদ্ধ হতে পারে।

অ্যামোনিয়া ফসফোরিক অ্যাসিড, সালফার, সালফিউরিক অ্যাসিড, নাইট্রিক অ্যাসিড এবং এই রকম আরও অনেক যা সার তৈরীর উপাদান হিসাবে ব্যবহার হয় এবং এদের সারের সাথে মজুত ও প্রাপ্তির সুবিধা দেওয়া হবে। ওয়াল্ড লাইফ (প্রোটেকশন) অ্যাক্ট, ১৯৭২ এবং ফরেস্ট (কনজারভেশন) অ্যাক্ট ১৯৮০, এবং এনভায়রনমেন্ট (প্রোটেকশন) অ্যাক্ট ১৯৮৬ -এর অধীনে চিহ্নিত পরিবেশ সংবেদনশীল অঞ্চল এবং যা আই সি আর জেড় -I এর অন্তর্ভূক্ত নয় সেই রকম অঞ্চলে এদের অনুমতি দেওয়া হবে।

(ix) অনুমোদিত জায়গায় প্রাকৃতিক উপায়ে মাছ শুকানো ও ডিম উৎপাদন কেন্দ্র ছাড়া, গুদামঘর সমেত মৎস্য প্রক্রিয়াকরণের শিল্পের নির্মাণ ও তার সম্প্রসারণ।

(x) ভূমি পুনরুদ্ধার , বাঁধ ও সমুদ্রের জলের স্বাভাবিক গতিকে ব্যহত করা ছাড়াও,-

(এ) তীরবর্তী সুযোগ সুবিধার ব্যবস্থা নির্মাণ বা আধুনিকীকরণ বা বিস্তৃতি যেমন বন্দর সমূহ , পোতাশ্রয় , জেটি, জেটিতে বাঁধা , ঘাট , স্লিপ ওয়ে, সেতু, সী-লিঙ্ক , সমুদ্র জলের প্রবাহে বাধা তৈরী করে না এমন রাস্তা এবং প্রতিরক্ষা ও সুরক্ষার জন্য এবং অন্যান্য দরকারী সুযোগ সুবিধার জন্য ক্রিয়াকলাপ এই বিজ্ঞপ্তিতে অনুমোদিত হয়েছে।

(বি) ভূমিক্ষয় নিয়ন্ত্রনের পরিমাপ, বিজ্ঞানভিত্তিক এনভায়রনমেন্ট ইম্প্যাক্ট এ্যাসেসমেন্ট (যা ই আই এ নামে পরিচিত) জ্ঞান;

(সি) জলপথ, নালা এবং বন্দরগুলির দেখাশোনা ও পরিস্কার করা;

(ডি) বালুকার বাধা প্রতিরোধের পরিমাপ, জোয়ার নিয়ন্ত্রনকারীর স্থাপন, ঝড়, জল থেকে রক্ষার জন্য নির্মান, জলের নোনা ভাবকে নিয়ন্ত্রন করে শুদ্ধজলের ব্যবস্থা করার জন্য সংস্থা যা এম ও ই এফ –এ তে নির্দিষ্ট করা আছে;

(xi) বর্জ্য পদার্থ ও নোংরা জল অপসারণের জন্য যন্ত্রপাতি ও শিল্পের স্থাপন ও সম্প্রসারণ ধরা হবে নিম্নের সুবিধাগুলিকে বাদ দিয়ে–

(এ) ওয়াটার (প্রিভেনশান এবং কন্ট্রোল অব্ পলিউশান) অ্যাক্ট, ১৯৭৪ (১৯৭৪ এর ৬) এর অধীনে নোংরা জলকে পরিশোধিত করে জলাশ্রয় –এ মুক্ত করার অনুমতি

(বি) ঝড়ের জমা জলকে বার করার জন্য প্রয়োজনীয় পাম্পিং পরিকাঠামো

(সি) আই সি আর জেড় অঞ্চল এবং অন্যান্য আই সি আর জেড় অঞ্চলে বসবাসকারী মানুষ, বীচ রিসর্ট এবং হোটেল থেকে তৈরী বর্জ্য পদার্থ ও নোংরা জলের পরিশোধন এবং পরিশোধনের ফলে তৈরী বর্জ্য পদার্থ ও নোংরা জলের অপসারণ;

(xii) শিল্প শহর , মফঃস্বল এবং অন্যান্য জনবসতি থেকে তৈরী অপরিশোধিত বর্জ্য পদার্থ এবং নোংরা জল যে গুলি এই বিজ্ঞপ্তি প্রকাশের দুবছরের মধ্যে সংশ্লিষ্ট আধিকারিক দ্বারা অপসারণের জন্য উপযুক্ত প্রকল্প গুলিকে বাস্তবায়িত করবে।

(xiii) মফঃস্বল ও শহরের জমা জলের সাথে নির্মান কাজের আবর্জনা, শিল্পজাত কঠিন বর্জ্য পদার্থ , মাটি ভরাট করার জন্য ছাই এবং এই রকম সব জিনিষ এর ব্যবহার এই বিজ্ঞপ্তি প্রকাশিত হওয়ার এক বছরের মধ্যে বন্ধ করতে হবে এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এই ব্যবহার নিষিদ্ধ করার প্রকল্পটি বাস্তবায়িত করবে।

নোটঃ- এম ও ই এফ , ইউনিয়ন টেরিটোরি অ্যাড় মিনিশট্রেশন -কে এ্যাকশন প্ল্যান তৈরীর জন্য একটি আলাদা নির্দেশ দেবে, প্রয়োগ ও পরিদর্শনের সময়সীমা সমেত যা সাব প্যারা (iv)এবং (v) অনুযায়ী হবে।

(xiv) ইউনিয়ন টেরিটোরি অ্যাড় মিনিশট্রেশন –এর সহিত আলোচনা করে বিজ্ঞানের উপর ভিত্তি করে এম ও ই এফ দ্বারা চিহ্নিত ২০০৬ এর ই আই এ বিজ্ঞপ্তিতে যুদ্ধের সুবিধা ও প্রতিরক্ষার সাথে সম্পর্কিত ওই সব প্রকল্পগুলি ছাড়া উষ্চভূমিক্ষয় যুক্ত উপকূলে বন্দর ও পোতাশ্রয় প্রকল্পগুলি;

(xv) বিনোদনমূলক কাজ , আবাসন এবং বানিজ্যিক কম্প্লেক্স, হোটেল ইত্যাদি ব্যবসায়িক কাজের জন্য জলাভূমি উদ্ধার;

(xvi) (এ) আই সি আর জেড় অঞ্চলের বাইরে যে দুষ্প্রাপ্য খনিজ সম্পদ পাওয়া যায় না, এবং

(বি) তেল ও প্রাকৃতিক গ্যাসের অনুসন্ধান ও শোষণ , এগুলি ছাড়া বালি, পাথর , ও অন্যান্য উপস্তরের উপাদানগুলির খনন ;

(xvii) এইচ টি এল থেকে ২০০ মিটার এর মধ্যে মাটির তলা থেকে জল তোলা এবং তার সাথে সম্পর্কিত নির্মাণ;

নিম্নলিখিত বিষয়গুলি ছাড়া যেমন , -

(এ) অঞ্চলে, যেখানে স্থানীয় অধিবাসীদের বাসস্থান এবং তাদের ব্যবহারের জন্য;

(বি) কোন অঞ্চলের ২০০ থেকে ৫০০ মিটারের মধ্যে যেখানে অন্য কোনও জলের যোগান নেই সেখানে ভূগর্ভস্থ জলের জন্য হস্তচালিত সাধারণ কূপের অনুমোদন থাকবে যা জলপান করার জন্য, উদ্যান পালনের জন্য, চাষ এবং মাছ চাষের জন্য ব্যবহার করা হবে।

নোটঃ- যে সব জায়গায় সমুদ্রের জল অনুপ্রবেশ করে প্রভাবিত করেছে সেখানে ইউনিয়ন টেরিটোরি অ্যাড়মিনিশট্রেশন পদাধিকারভুক্ত কর্তৃপক্ষের দ্বারা বাধা নিষেধ আরোপিত হবে।

(xviii) বিজ্ঞপ্তি তে নির্দিষ্ট অঞ্চলগুলি ব্যতিরেকে পরিবেশ সংবেদনশীল অঞ্চলে নির্মানের কাজ;

(xix) সুন্দর করে তোলা, আমোদ প্রমোদ এবং অন্যান্য এই ধরণের উদ্যেশ্যের জন্য দৃশ্যাবলীর পরিবর্তন যার মধ্যে পড়ে বালি স্তুপ , পাহাড় ,প্রাকৃতিক বৈশিষ্ট্য গুলিকে সাজানো বা পরিবর্তন ;

(xx) সামুদ্রিক/উপকূলীয় পুলিশ স্টেশন –এর পাহারা এবং সতর্কতা মূলক কাজকর্মের জন্য প্রয়োজনীয় সুবিধা

৪. প্রোজেক্ট গুলির জন্য, বিজ্ঞপ্তির অধীনে প্রকাশিত ছাড়পত্রের বৈধতার সময়সীমা এই বিজ্ঞপ্তির অধীনে প্রকল্পানুসারে ছাড়পত্রটি প্রকাশের তারিখ থেকে পাঁচ বছরের জন্য বৈধ থাকবে নির্মাণ এবং কাজকর্ম সম্পাদনের জন্য।

9. ই আই এ বিজ্ঞপ্তি, ২০০৬ অথবা অন্য বিজ্ঞপ্তির প্রযোজ্যতা এনভায়রনমেন্টাল ইম্প্যাক্ট এ্যাসেসমেন্ট বা ফরেস্ট (কনজারভেশান) এ্যাক্ট, ১৯৮০ (১৯৮০ এর ৬৯),ওয়াইল্ড লাইফ (প্রোটেকশন)এ্যাক্ট, ১৯৭২(১৯৭২ এর ৫২) দ্বারা গৃহীত উন্নয়ন মূলক প্রকল্পগুলি চুক্তি অনুসারে বিবেচিত হবে এবং কোন ও সুপারিশ করার আগে উপযুক্ত কর্তৃপক্ষের কাছ থেকে আগেই অনুমতি নিতে হবে।

10. সিদ্ধান্ত নেওয়ার জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন টেরিটোরির মাধ্যমে উপরোক্ত আই আই এম পি গুলি –তে যে কাজকর্মগুলি তালিকা ভুক্ত নয় , এম ও ই এফ –এর কাছে তা উল্লেখ করা হবে।

[নং ১২-৩ / ২০০৮ –I এ. III]
জে. এম. মৌস্কার, এ্যাডি. সেক্রে.

<u>এ্যানেক্সচার-১</u>

গাইড লাইনস্ অব্ প্রিপারেশন অব্ ইন্টিগ্রেটেড আইল্যান্ড ম্যানেজমেন্ট প্ল্যান এন্ড আইল্যান্ড কোস্টাল রেগুলেশন জোন

১. জলাভূমি সহ সমগ্র দ্বীপ ইন্টিগ্রেটেড আইল্যান্ড ম্যানেজমেন্ট প্ল্যান এর জন্য বিবেচিত হবে , যখন আই সি আর জেড় -এর বৈধ কর্তৃত্ব প্যারা III(এ) তে উল্লেখ থাকবে।

২. আগামী দশ বছরের মধ্যে সমস্ত বর্তমান ও ভবিষ্যতের উন্নয়ন, সংরক্ষন এবং সুরক্ষা প্রকল্পগুলির উল্লেখ করে ইন্টিগ্রেটেড আইল্যান্ড ম্যানেজমেন্ট প্ল্যান গুলি তৈরী হবে।

৩. ইন্টিগ্রেটেড আইল্যান্ড ম্যানেজমেন্ট প্ল্যান এবং আই সি আর জেড় -এ পরিস্কার ভাবে উল্লেখ থাকবে মানুষের জীবন ও সম্পত্তি , যা উচ্চতা , পৃথিবীর গঠনগত বৈশিষ্ট্য, সমুদ্রের জলস্তরের প্রবণতা এবং সমান্তরাল রেখার স্থান পরিবর্তন –এগুলির উপর ভিত্তি করে অরক্ষিত এবং আবাসন পরিকাঠামো এবং এরকম অনেক কাজের জন্য উপযুক্ত নিরাপদ অঞ্চল এবং স্থানীয় অধিবাসীদের জীবন ও সম্পত্তি প্রাকৃতিক বিপত্তি থেকে রক্ষার জন্য উপযুক্ত পদক্ষেপ নেওয়ার কথা দেওয়া থাকবে।

৪. সমুদ্রের সামনের স্থলভাগের জন্য এইচ টি এল থেকে ৫০০ মিটার এবং হ্যাজার্ড লাইনের মধ্যে অবস্থিত স্থলভাগ এবং জোয়ার প্রভাবিত জলভূমির ক্ষেত্রে , ১০০ মিটার ও হ্যাজার্ড লাইনের মধ্যে অবস্থিত অঞ্চলকে সার্ভে অব্ ইন্ডিয়া (যা এস ও আই নামে পরিচিত) মাধ্যমে মিনিষ্ট্রি অব্ এনভায়রনমেন্ট এন্ড ফরেস্টস্ (যা এম ও ই নামে পরিচিত) –এর দ্বারা চিহ্নিত হবে জোয়ার , ঢেউ, সমুদ্রের জল স্তরের বৃদ্ধি এবং তটরেখার পরিবর্তনের কথা বিবেচনা করে।

৫. হ্যাজার্ড লাইন এবং ৫০০ মিটার বা ১০০ মিটার বা স্থলাভিমুখে খাঁড়ির চওড়ার বিস্তৃতির মধ্যে অবস্থিত অঞ্চল যা এই বিজ্ঞপ্তির তালিকায় অন্তর্ভূক্ত তা অনুমোদিত হবে এবং এগুলি ছাড়া অন্যান্য অঞ্চলে কোনও উন্নয়নমূলক কাজ হবে না। হ্যাজার্ড লাইনের সমুদ্রাভিমুখের অঞ্চলের স্থানীয় অধিবাসী , উপজাতি ও মৎস্যজীবীদের আবাসন যদি অবস্থিত হয়, তাহলে তা স্থানান্তরিত করা যাবে না। ইউনিয়ন টেরিটোরি অ্যাড়মিনিস্ট্রেশন, স্থানীয় অধিবাসীদের এই রকম আবাসন গুলি রক্ষার জন্য প্রয়োজনীয় সুরক্ষার ব্যবস্থা সরবরাহ করবে।

৬. অন্তবর্তী রাস্তাসহ বর্তমান সমস্ত রাস্তাগুলির পরিকাঠামো মজবুত হবে , যেহেতু প্রাকৃতিক বিপত্তির সময় জীবনযাত্রা, যোগাযোগ স্থাপন , উদ্ধার , ত্রান এবং মানুষ ও জীবজন্তু, সম্পত্তি ইত্যাদি অন্যত্র সরিয়ে নিয়ে যাওয়ার জন্য এই রাস্তাগুলি পরিষেবা দান করে।

৭. সাইক্লোনের সময় যথেষ্ট সংখ্যক আশ্রয় স্থল আলাদাভাবে চিহ্নিত করতে হবে এবং নির্মাণ করতে হবে উঁচু স্থান গুলিতে অথবা জনবহুল অঞ্চলের সাথে যুক্ত পাকা উঁচু পরিকাঠামোর উপর।
৮. জনসাধারণের শৌচাগার কে বাদ দিয়ে বর্তমান ও নতুন বিদ্যালয় , বানিজ্যিক অঞ্চল এবং অন্যান্য জনসাধারণের সুবিধা যেখানে এক সাথে অনেক মানুষ জড়ো হতে পারে যা সাধারণত নিরাপদ স্থান, বিশেষ করে উঁচু বা সুরক্ষিত স্থানে অবস্থিত হবে।
৯. স্থানীয় উদ্ভিদ, ম্যানগ্রোভসহ গাছপালা চাষ করে এবং অন্যান্য কোমল প্রতিরক্ষার জন্য যথেষ্ট পরিমাণ জৈব প্রতিরক্ষা সমুদ্রাভিমুখে তৈরী করতে হবে।
১০. এইরকম প্রকল্পের সাথে সামঞ্জস্য রেখে উপযুক্ত উপকূলীয় সুরক্ষা পরিকাঠামোর জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদন নিয়ে, বৈজ্ঞানিক পদ্ধতিতে ইন্টিগ্রেটেড আইল্যান্ডস্ প্ল্যান এবং আই সি আর জেড় তৈরী হবে।
১১. বালুচর সুরক্ষিত হবে এবং সেখানে কোন রকম উন্নয়ন কাজের অনুমতি থাকবে না।
১২. যেহেতু, বালিস্তুপ বন্যা প্রতিরোধের একটি প্রাকৃতিক প্রতিরোধক, তাই এটি সুরক্ষিত এবং এটির তদারকী করতে হবে, বা আগাছা রোপন বা উপযুক্ত পদ্ধতির মাধ্যমে পুনরায় তৈরী করতে হবে।
১৩. আইল্যান্ডস্ অ্যাড্মিনিস্ট্রেশন -এর সুপারিশে মাছের উৎপাদন বাড়ানোর যন্ত্রপাতি স্থাপনের সাথে যুক্ত স্থানীয় অধিবাসীদের প্রচলিত প্রথায় মাছ চাষের উপর কোন প্রতিবন্ধকতা থাকবে না।
১৪. (এ) সঠিক বৈজ্ঞানিক পদ্ধতিতে নির্মাণ কাজের উপাদানের জন্য খনন করা বিশেষত গভীর সমুদ্র থেকে তোলা বালি (যেখানে গভীরতা ১৫ মিটারের বেশী) তাহলে প্রকল্পটি অনুমোদিত হবে;
(i) নির্মাণ কাজের জন্য পরিবর্ত উপাদান যেমন - বাঁশ, স্থানীয় বনজ সম্পদ কে নির্ণয় করে ব্যবহার
(ii) অন্যান্য উপাদান যেমন ধাতু, ফাঁপা ইঁটের ব্লক ও এই রকম জিনিষ প্রধান ভূমিস্থল থেকে আনা যেতে পারে।
১৫. অপ্রচলিত শক্তির উৎস যেমন বাতাস , সৌরশক্তি ও জোয়ার সম্পর্কিত শক্তি , লবণাক্ত দূরীকরণ, জলের পুর্নব্যবহার এবং স্থানীয় উৎপাদিত দ্রব্যের ব্যবহার ইত্যাদির উপর জোর দেওয়া হবে।
১৬. সাইক্লোন, সুনামী, এই রকম ঘটনার ক্ষেত্রে সতর্কীকরণ, জায়গা ফাঁকা করা এবং প্রাকৃতিক দুর্ঘটনার জন্য ত্রান পরিকল্পনা ইন্টিগ্রেটেড আইল্যান্ডস্ প্রকল্পের মধ্যে তৈরী হবে।
১৭. প্রাকৃতিক দুর্ঘটনায় ক্ষতিগ্রস্থ মানুষের পুনরায় বাসস্থানের ব্যবস্থা এবং পুনর্স্থাপন -এর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা ইন্টিগ্রেটেড আইল্যান্ডস্ ম্যানেজমেন্ট প্ল্যান -এ দেওয়া থাকবে।
১৮. বাসস্থান এবং ভবিষ্যতে তার উন্নয়নের পরিকল্পনার জন্য অঞ্চলকে অন্তর্ভূক্ত করে ইন্টিগ্রেটেড আইল্যান্ডস্ ম্যানেজমেন্ট প্ল্যান এবং আই সি আর জেড় প্রকল্প তৈরী করবে।

১৯. ফরেষ্ট (কনজারভেশন) এ্যাক্ট ১৯৮০, (১৯৮০ এর ৬৯) বা ওয়াইল্ড লাইফ প্রোটেকশান এ্যাক্ট, ১৯৭২ (১৯৭২ এর ৫৩) –র অধীনে নির্দিষ্ট রিজার্ভ ফরেস্ট, প্রোটেক্টেড় ফরেস্ট, ন্যাশেনাল পার্ক এবং স্যাংচুয়ারীর মধ্যে অবস্থিত এনভায়রনমেন্ট (প্রোটেকশন) এ্যাক্ট, ১৯৮৬ (১৯৮৬ এর ২৯) এর অধীনে সুরক্ষিত অঞ্চল যেখানে উন্নয়নমূলক কাজের অনুমতি থাকবে না।

২০. আবাসন বা স্থানীয় অধিবাসীদের পরিকাঠামো যা প্রকল্পটি তৈরীর সময় থেকেই ছিল , তাদের নষ্ট করা যাবে না।

২১. বর্তমান বিল্ডিং বা পরিকাঠামো পুনর্নির্মাণ সমেত মেরামতির কাজকর্মের অনুমতি থাকবে।

২২. আই আই এম পি এবং আই সি আর জেড় ম্যাক্রো লেভেল প্রকল্পের জন্য ১:২৫,০০০ স্কেলে এবং মাইক্রো লেভেল প্রকল্পের জন্য ১:১০,০০০ বা ক্যাডাস্ট্রাল স্কেলে ম্যাপ তৈরী করবে।

২৩. মিনিস্ট্রি অব্ এনভায়রনমেন্ট অ্যান্ড ফরেস্টস্ দ্বারা নির্দিষ্ট একটি সংস্থার দ্বারা হাই টাইড লাইন টি চিহ্নিত হবে।

***

এ্যানেক্সচার II

লিস্ট অব্ পেট্রোলিয়াম এন্ড কেমিক্যাল প্রোডাক্টস্ পারমিটেড় ফর স্টোরেজ এক্সেপ্ট ইন আই সি আর জেড়-I (এ) এন্ড আদার আইডেন্টিফায়েড সেনসিটিভ এরিয়াস

(i) অশোধিত তেল
(ii) তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস
(iii) মোটর স্পিরিট
(iv) কেরোসিন
(v) বিমানের জ্বালানী
(vi) হাই স্পীড ডিজেল
(vii) লুব্রিকেটিং তেল
(viii) বুটেন
(ix) প্রোপেন
(x) কম্প্রেসড় ন্যাচারাল গ্যাস
(xi) ন্যাপথা
(xii) ফার্নেস অয়েল
(xiii) লো সালফার হেভি স্টক
(xiv) তরলীকৃত প্রাকৃতিক গ্যাস
(xv) সার ও সার উৎপাদনের জন্য কাঁচামাল

***

<u>এ্যানেক্সচার III</u>

গাইড লাইনস্ ফর ডেভেলপমেন্ট অব্ বীচ রিসর্টস্ অর হোটেলস্ ইন দি ডেজিগ্নেটেড এরিয়াস্ অব্ আই সি আর জেড III এন্ড আই সি আর জেড়-II/II এম পি এস ফর অকিউপেশান অব্ ট্যুরিস্ট অর ভিজিটরস্ উইদ্ প্রায়র এ্যাপ্রুভাল অব্ দি মিনিস্ট্রি অব্ এনভায়রনমেন্টাল এন্ড ফরেস্টস্

১. ভ্রমণার্থী বা দর্শনার্থীদের থাকার জন্য আই সি আর জেড়-II এবং III দ্বারা নির্দিষ্ট অঞ্চলে এম ও ই এফ –এর আগের অনুমোদন সাপেক্ষে হোটেল, বীচ রিসর্টস্ নির্মাণ হবে যা নিম্নলিখিত শর্তাবলীর মধ্যে পড়ে, যেমনঃ-

(এ) সফল প্রকল্পটি কখনই সমুদ্রাভিমুখে হাই টাইড লাইন থেকে ২০০ মিটারের মধ্যে এবং লো টাইড লাইন ও হাই টাইড লাইনের মধ্যে নির্মিত হবে না;

(বি) প্রস্তাবিত নির্মাণ টি হ্যাজার্ড লাইন বা হাই টাইড লাইন থেকে ২০০মিটার –এদের মধ্যে যেটি বেশী তার বাইরে হবে;

(সি) তড়িৎবাহী বেড়া, কাঁটা তারের বেড়া, যা সবুজ গাছে আবৃত –এ সমস্ত কিছু ব্যক্তিগত সম্পত্তির জন্য অনুমোদন হবে, যদি না এই ধরণের বেড়া সমুদ্রতটে জনসাধারণের কোন অসুবিধা তৈরী করে,

(ডি) বালিস্তুপ কে ভেঙে সমান করার অনুমতি নেই;

(ই) খেলাধূলার সুবিধার জন্য গোল পোস্ট, নেট পোস্ট বা ল্যাম্প পোস্ট ছাড়া কোন স্থায়ী নির্মাণ করা যাবে না,

(এফ) মাটির তলার জলের প্রবাহে বাধা না থাকলে, ইউনিয়ন টেরিটোরির গ্রাউন্ড ওয়াটার অথরিটির কাছ থেকে আপত্তিপত্র না পেলে, মাটির তলার ঘর নির্মাণে কোন বাধা থাকবে না;

(জি) ইউনিয়ন টেরিটোরি গ্রাউন্ড ওয়াটার অথরিটির নো অব্জেক্শন সার্টিফিকেট
দেওয়ার আগে কেন্দ্রীয় সরকারের নির্দেশিকা মেনে চলবে;

(এইচ) ফ্লোর স্পেস্ ইনডেক্স নির্ধারণ করার সময় নো ডেভেলপমেন্ট জোনে যেখানে নির্মাণ করার অনুমতি নেই, জমির যে অংশটি নো ডেভেলপমেন্ট জোনে পড়ছে, তাও তার ক্ষেত্রকেও বিবেচনা করা হবে;

(আই) ক্ষেত্রের সমগ্র আকার যেন ০.৪ এর কম হয় এবং নির্মিত অংশের মেজর পরিমাণ যেন মূল ক্ষেত্রের ৩৩% হয়; যেমন- ফ্লোর স্পেস্ ইনডেক্স ০.৩৩ এর বেশী হবে না, এবং খোলা অংশটি গাছপালা দিয়ে সুন্দরভাবে সাজানো থাকবে।

(জে) স্থানীয় স্থাপত্য শিল্প ও চতুর্দিকে দৃশ্যাবলী দিয়ে, নির্মিত অংশটি সামঞ্জস্যপূর্ণ হবে।

(কে) নির্মিত অংশের সামগ্রিক উচ্চতা, ছাদের পৃষ্ঠদেশ অবধি ৯ মিটারের বেশী হবে না এবং নির্মিত অংশটি দুই তলার (গ্রাউন্ড ফ্লোর প্লাস ওয়ান আপার ফ্লোর) বেশী হবে না;

(এল) হাই টাইড লাইনের ২০০ মিটারের মধ্যে মাটির তলার জল তোলা যাবে না; সেন্ট্রাল বা ইউনিয়ন টেরিটোরি গ্রাউন্ড ওয়াটার বোর্ডের অনুমতি সাপেক্ষে ২০০ থেকে ৫০০ মিটার অঞ্চলের মধ্যে মাটির তলার জল তোলা যাবে;

(এম) হাই টাইড লাইনের ৫০০ মিটারের মধ্যে বিল্ডিং ভিত এবং সুইমিং পুল ছাড়া বালি তোলা, সমান্তরাল করা, বা বালুচরে গর্ত করা যাবে না;

(এফ) প্রকল্প অঞ্চল থেকে নির্গত পরিশোধিত তরল পদার্থ, কঠিন বর্জ্য পদার্থ, নির্গমন এবং শব্দের মাত্রা এই রকমগুলি এনভায়রনমেন্ট (প্রোটেকশন) এ্যাক্ট, ১৯৮৬-এর অধীনে সেন্ট্রাল পলিউশান কন্ট্রোল বোর্ড বা ইউনিয়ন টেরিটোরি পলিউশান কমিটির দ্বারা নির্দেশিত মান অনুযায়ী হচ্ছে কিনা তা উপযুক্ত কর্তৃপক্ষ দেখবে।

(ও) নির্গত তরল পদার্থ ও কঠিন বর্জ্য পদার্থের পরিশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে এবং অপরিশোধিত অবস্থায় কঠিন ও তরলবর্জ্য পদার্থগুলি জল বা সমুদ্র তটে ফেলা যাবে না, এটি নিশ্চিত করতে হবে;

(পি) সমুদ্রতটে জনসাধারণের প্রবেশ করার জন্য, দুটি হোটেল বা বীচ রিসর্ট এর মধ্যে কমপক্ষে ২০ মিটার চওড়া ফাঁক থাকতে হবে; এবং কোন ভাবেই এই ফাঁক ৫০০ মিটার দূরত্বের কম হবে না; এবং

(কিউ) যদি এই প্রকল্পে , বনভূমিকে ব্যবহার করা হয়, বন সম্পর্কিত নয় এমন উদ্দেশ্যে, তখন ফরেস্ট (কনজারভেশান) এ্যাক্ট ১৯৮০ –র অধীনে একটি ছাড়পত্র গ্রহণ করতে হবে এবং এর সাথে প্রয়োজন সেন্ট্রাল এবং ইউনিয়ন টেরিটোরি 'ল' যা প্রোজেক্টের ক্ষেত্রে প্রযোজ্য; এবং

(আর) ইউনিয়ন টেরিটোরি ট্যুরিজম ডিপার্টমেন্টের অনুমোদন চাই;

II পরিবেশের ভারসাম্যের সাথে সংবেদনশীল অঞ্চল (যেমন সামুদ্রিক পার্ক, ম্যানগ্রোভ্স, প্রবাল প্রাচীর, প্রজনন ক্ষেত্র, মাছের ডিম পাড়ার জায়গা, বন্য প্রাণীদের থাকার জায়গা এবং এই ধরণের আরো অনেক অঞ্চল যা সেন্ট্রাল বা ইউনিয়ন টেরিটোরি দ্বারা চিহ্নিত আছে) হোটেল এবং বীচ রিসর্টের নির্মাণের অনুমতি থাকবে না।

***